বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University
গাজীপুর-১৭০৫

বাউবি/প্রশা/নি-৮(১৯)/৯৬/পার্ট-২/ ১১৮১(১) তারিখ : ১৪-০৩-২০১৭

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত কর্মকর্তার শূন্য পদে এবং Institutional Quality Assurance Cell (IQAC)- প্রকল্পের শূন্য পদে (প্রকল্পকালীন সময়ের জন্য) বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ পদের বিপরীতে উল্লেখিত জাতীয় বেতনস্কেলে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

বিশ্ববিদ্যালয়ের পদ

ক্রম	পদের নাম, বিভাগ ও বেতনস্কেল	পদের সংখ্যা		ক্রম	পদের নাম, বিভাগ ও বেতনস্কেল	পদের সংখ্যা
১	প্রোগ্রামার কম্পিউটার বিভাগ (বিমস) ৩৫৫০০-৬৭০১০	০১টি		২	মেডিক্যাল অফিসার প্রশাসন বিভাগ ২৯০০০-৫৩৪১০	০১টি
৩	হিসাবরক্ষণ কর্মকর্তা অর্থ ও হিসাব বিভাগ ২২০০০-৫৩০৬০	০১টি		৪	প্রশাসনিক কর্মকর্তা (পরীক্ষা) পরীক্ষা বিভাগ [আঞ্চলিক কেন্দ্রের জন্য] ২২০০০-৫৩০৬০	০১টি
৫	সহকারী প্রোগ্রামার কম্পিউটার বিভাগ ২২০০০-৫৩০৬০	০২টি		৬	নার্স প্রশাসন বিভাগ ১৬০০০-৩৮৬৪০	০১টি

Institutional Quality Assurance Cell (IQAC) প্রকল্পের পদ

ক্রম	পদের নাম, বিভাগ ও বেতনস্কেল	পদের সংখ্যা		ক্রম	পদের নাম, বিভাগ ও বেতনস্কেল	পদের সংখ্যা
৭	অফিস ম্যানেজার গ্রেড-৯ (সাকুল্যে বেতন ৩৭,৩০৫/-)	০১টি		৮	একাউন্টস/ফাইন্যান্স অফিসার গ্রেড-১০ (সাকুল্যে বেতন ২৭,১০০/-)	০১টি
৯	অফিস সহায়ক গ্রেড-২০ (সাকুল্যে বেতন ১৫,১১২/-)	০১টি				

উপরে বর্ণিত পদসমূহে (ক্রমিক ১ হতে ৮) নিয়োগের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার শর্তাবলী এবং আবেদন করার নিয়মাবলীসহ আবেদনপত্রের ফরম সরাসরি অথবা **www.bou.edu.bd** ওয়েবসাইট থেকে অথবা ১০(দশ) টাকা মূল্যের ডাক টিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত ৪.৫"x১০" খাম প্রেরণপূর্বক রেজিস্ট্রার-এর দপ্তর হতে সংগ্রহ করা যাবে। আবেদনকারীগণকে জনতা ব্যাংকের যে কোন শাখা হতে **জনতা ব্যাংক, বাউবি ক্যাম্পাস শাখা**, গাজীপুর বরাবর '**বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়**'-এর অনুকূলে ইস্যুকৃত ক্রমিক নং ১ হতে ৮ নং পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা এবং ক্রমিক ৯ নং পদের পদের জন্য ১০০/- (একশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে গেঁথে দিতে হবে। **পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য হবে না।**

ক্রমিক নং ৯ এর জন্য আবেদনকারীদের সাদা কাগজে (১) নিজের নাম, (২) পিতা/স্বামীর নাম, (৩) মাতার নাম, (৪) স্থায়ী ঠিকানা, (৫) বর্তমান/যোগাযোগের ঠিকানা ও মোবাইল নম্বর, (৬) জন্ম তারিখ, (৭) ০৬-০৪-২০১৭ তারিখে বয়স, (৮) জাতীয়তা, (৯) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, শ্রেণি/ বিভাগ/ জিপিএ/ সিজিপিএ, পাসের সন, বোর্ড/বিশ্ববিদ্যালয়), (১০) অভিজ্ঞতা (পূর্ব চাকুরীর বিবরণ, যথা: পদের নাম, পদের বেতনক্রম, চাকুরিকাল, দায়িত্ব ও কর্তব্য, নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা এবং কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত থাকলে 'অধ্যয়নরত' কথাটিও স্পষ্টভাবে উল্লেখ করতে হবে) ইত্যাদি উল্লেখ করতে হবে।

দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কিছুই ফেরত দেয়া হবে না। এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীর পরীক্ষা গ্রহণ করতে/তাঁকে প্রার্থিত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

রেজিস্ট্রার বরাবর আবেদনপত্র ডাকযোগে পৌছানোর শেষ তারিখ ০৬-০৪-২০১৭। অসম্পূর্ণ এবং উক্ত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের Forwarding Letter সহ নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে হবে। **খামের উপর প্রার্থিত পদের নাম উল্লেখ করতে হবে।**

ক্রমিক নং ১-এ উল্লেখিত প্রোগ্রামার পদে গত ১১-০৭-২০১৩ তারিখ বাউবি/প্রশা/নি-৮(১৯)/৯৬/পার্ট-২/৩১২৮ সংখ্যক এবং ক্রমিক নং ৫-এ উল্লেখিত সহকারী প্রোগ্রামার পদে গত ২৭-১০-২০১৪ তারিখ বাউবি/প্রশা/নি-৮(১৯)/৯৬/পার্ট-২/৫৫০৫ সংখ্যক নিয়োগ বিজ্ঞপ্তিতে ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

১৪/৩/২০১৭
রেজিস্ট্রার
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University
গাজীপুর-১৭০৫

বাউবি/প্রশা/নি-৮(১৯)/৯৬/পার্ট-২/ ১১৬১৫(১)

তারিখ ঃ ১৪-০৩-২০১৭

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত কর্মকর্তার শূন্য পদে বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ পদের বিপরীতে উল্লেখিত জাতীয় বেতনস্কেলে নিয়োগের নিমিত্তে সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার শর্তাবলী ঃ

ক্রম	পদের নাম ও বিভাগ	পদের সংখ্যা	বেতনস্কেল	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	প্রোগ্রামার কম্পিউটার বিভাগ (বিমস)	০১টি	৩৫৫০০-৬৭০১০	অনূর্ধ্ব ৪০ বছর	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি ইন্সটিটিউট হতে কোন তৃতীয় বিভাগ/শ্রেণী ব্যতীত কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার বিজ্ঞান/ ফলিত পদার্থ ও ইলেকট্রনিক্স/ পদার্থবিদ্যা/ গণিত/ পরিসংখ্যান বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী অথবা সম্মানসহ (৩ বছর) স্নাতকোত্তর ডিগ্রী/স্নাতক (পাস) ধারাতে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। গ্রেডিং পদ্ধতিতে সকল পর্যায়ে সিজিপিএ ৩.৫ (৫-এর মানে) বা ৩.০ (৪-এর মানে) থাকতে হবে। অভিজ্ঞতা কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় অথবা সরকারি/আধা-সরকারি/এমপিওভুক্ত ডিগ্রী কলেজ/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান অথবা সমমানের উচ্চশিক্ষা প্রতিষ্ঠান/সুপ্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে কমপক্ষে টাকা ২২০০০-৫৩০৬০ জাতীয় বেতনক্রমে ('১৫ অনুসারে) সহকারী কম্পিউটার প্রোগ্রামার/সমমানের কর্মকর্তা হিসেবে ১ম শ্রেণীর পদে ৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।
২.	মেডিক্যাল অফিসার প্রশাসন বিভাগ	০১টি	২৯০০০-৬৩৪১০	অনূর্ধ্ব ৩০ বছর	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এমবিবিএস ডিগ্রী। খ) শিক্ষা জীবনে অন্যান্য পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী। গ্রেডিং পদ্ধতিতে সকল পর্যায়ে জিপিএ/সিজিপিএ ৩.০০ থাকতে হবে। অভিজ্ঞতা ক) বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক নিবন্ধীকৃত কোন স্বীকৃত চিকিৎসা প্রতিষ্ঠান থেকে ইন-সার্ভিস/ইন্টার্নী ট্রেনিং সম্পন্ন এবং ইন্টার্নী সম্পন্ন করার পর কোন স্বীকৃত চিকিৎসা প্রতিষ্ঠানে কমপক্ষে ০৩(তিন) বছরের অভিজ্ঞতা। খ) পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা অতিরিক্ত যোগ্যতা বলে বিবেচিত হবে।
৩.	হিসাবরক্ষণ কর্মকর্তা অর্থ ও হিসাব বিভাগ	০১টি	২২০০০-৫৩০৬০	অনূর্ধ্ব ৩০ বছর	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কোন তৃতীয় বিভাগ/শ্রেণী ব্যতীত বাণিজ্য অনুষদের একাউন্টিং অথবা ফাইন্যান্স বিষয়ে সম্মানসহ (৩ বছর) স্নাতকোত্তর ডিগ্রী/৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী/স্নাতক (পাস) ধারাতে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে।গ্রেডিং পদ্ধতিতে সকল পর্যায়ে সিজিপিএ ৩.৫ (৫-এর মানে) বা ৩.০ (৪-এর মানে) থাকতে হবে।
৪.	প্রশাসনিক কর্মকর্তা (পরীক্ষা) পরীক্ষা বিভাগ [আঞ্চলিক কেন্দ্রের জন্য]	০১টি	২২০০০-৫৩০৬০	অনূর্ধ্ব ৩০ বছর	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কোন তৃতীয় বিভাগ/শ্রেণী ব্যতীত সম্মানসহ (৩ বছর) স্নাতকোত্তর ডিগ্রী/৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী/ স্নাতক (পাস) ধারাতে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। গ্রেডিং পদ্ধতিতে সকল পর্যায়ে সিজিপিএ ৩.৫ (৫-এর মানে) বা ৩.০ (৪-এর মানে) থাকতে হবে।
৫.	সহকারী প্রোগ্রামার কম্পিউটার বিভাগ (১টি বিমস-এর পদ)	০২টি	২২০০০-৫৩০৬০	অনূর্ধ্ব ৩০ বছর	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/বিআইটি হতে কোন তৃতীয় বিভাগ/শ্রেণী ব্যতীত কম্পিউটার সায়েন্স/পদার্থ বিজ্ঞান/ফলিত পদার্থ বিজ্ঞান ও ইলেকট্রনিক্স/ পরিসংখ্যান/গণিত বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী অথবা সম্মানসহ (৩ বছর) স্নাতকোত্তর ডিগ্রী/স্নাতক (পাস) ধারাতে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। গ্রেডিং পদ্ধতিতে সকল পর্যায়ে সিজিপিএ ৩.৫ (৫-এর মানে) বা ৩.০ (৪-এর মানে) থাকতে হবে।
৬.	নার্স	০১টি	১৬০০০-৩৮৬৪০	অনূর্ধ্ব ৩০ বছর	বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক অনুমোদিত যেকোন ইনস্টিটিউট হতে নার্সিং-এ ডিপ্লোমা। অভিজ্ঞতা বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক নিবন্ধীকৃত। নিবন্ধীত হওয়ার পর কোন স্বীকৃত চিকিৎসা প্রতিষ্ঠানে কমপক্ষে ২(দুই) বছর নার্স হিসেবে অভিজ্ঞতা।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Bangladesh Open University

গাজীপুর-১৭০৫

Institutional Quality Assurance Cell (IQAC)-এ প্রকল্পের শূন্য পদে (প্রকল্পকালীন সময়ের জন্য) বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ পদের বিপরীতে উল্লেখিত জাতীয় বেতনস্কেলে নিয়োগের নিমিত্তে সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার শর্তাবলী ঃ

৭.	অফিস ম্যানেজার (IQAC প্রকল্পের জন্য)	০১টি	গ্রেড-৯ (সাকুল্যে বেতন ৩৭,৩০৫/-)	অনূর্ধ্ব ৩০ বছর	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কোন তৃতীয় বিভাগ/শ্রেণী ব্যতীত সম্মানসহ (৩ বছর) স্নাতকোত্তর ডিগ্রী/৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী/ স্নাতক (পাস) ধারাতে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। গ্রেডিং পদ্ধতিতে সকল পর্যায়ে সিজিপিএ ৩.৫ (৫-এর মানে) বা ৩.০ (৪-এর মানে) থাকতে হবে।
৮.	একাউন্টস/ফাইন্যান্স অফিসার (IQAC প্রকল্পের জন্য)	০১টি	গ্রেড-১০ (সাকুল্যে বেতন ২৭,১০০/-)	অনূর্ধ্ব ৩০ বছর	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কোন তৃতীয় বিভাগ/শ্রেণী ব্যতীত বাণিজ্য অনুষদের একাউন্টিং অথবা ফাইন্যান্স বিষয়ে সম্মানসহ (৩ বছর) স্নাতকোত্তর ডিগ্রী/৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী/স্নাতক (পাস) ধারাতে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে।গ্রেডিং পদ্ধতিতে সকল পর্যায়ে সিজিপিএ ৩.৫ (৫-এর মানে) বা ৩.০ (৪-এর মানে) থাকতে হবে।
৯.	অফিস সহায়ক (IQAC প্রকল্পের জন্য)	০১টি	গ্রেড-২০ (সাকুল্যে বেতন ১৫,১১২/-)	অনূর্ধ্ব ৩০ বছর	কমপক্ষে অষ্টম শ্রেণি পাস এবং সুস্বাস্থ্য ও সৎ চরিত্রের অধিকারী হতে হবে। পেশাগত অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।

আবেদনের শর্তসমূহ

০১। প্রতিটি আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত সনদপত্রাদির সত্যায়িত অনুলিপি, সত্যায়িত ছবি এবং ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ **"রেজিস্ট্রার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫"** বরাবর প্রেরণ করতে হবে। প্রত্যেক সনদপত্রের অনুলিপি ও প্রার্থীর ছবি প্রথম শ্রেণির সরকারী গেজেটেড অফিসার বা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/ অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে ঃ

ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র (মার্কসিট/টেস্টিমনিয়াল গ্রহণযোগ্য নহে)।

খ) সম্প্রতি তোলা ৪(চার) কপি পাসপোর্ট আকারের ছবি।

গ) **০৬-০৪-২০১৭ তারিখ** পর্যন্ত বর্তমান বয়স।

ঘ) চরিত্রগত সার্টিফিকেট (সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/প্রথম শ্রেণির সরকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত)।

ঙ) নাগরিকত্ব সার্টিফিকেট (নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার অথবা প্রথম শ্রেণির সরকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত)।

চ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

ছ) মুক্তিযোদ্ধা কোটাভুক্ত প্রার্থীগণের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদপত্র।

জ) উপজাতীয় সম্প্রদায়ভুক্ত প্রার্থীগণের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদপত্র।

ঝ) উল্লেখিত পদের আবেদনকারীকে জনতা ব্যাংকের যে কোন শাখা হতে **"বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়"** এর অনুকূলে, **জনতা ব্যাংক, বাউবি ক্যাম্পাস শাখা,** গাজীপুর-এর বরাবর ইস্যুকৃত ক্রমিক ১নং হতে ৮নং পদের জন্য ৫০০/- (পাঁচ শত) টাকা এবং ক্রমিক ৯নং পদের জন্য ১০০/- (একশত) টাকা মূল্যের ব্যাংক **ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য)** আবেদনপত্রের সাথে গেঁথে দিতে হবে। **পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য হবে না।**

০২। উপরে বর্ণিত সকল পদের আবেদনকারীগণকে মূল আবেদনসহ ৫(পাঁচ) সেট আবেদনপত্র, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রসহ প্রেরণ করতে হবে।

০৩। উপরে বর্ণিত সংযোজনীসহ আবেদনপত্র **"রেজিস্ট্রার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫"** এই ঠিকানায় ডাকযোগে ০৬-০৪-২০১৭ তারিখের মধ্যে অবশ্যই পৌঁছাতে হবে।

০৪। প্রত্যেক প্রার্থীকে তাঁর প্রার্থিত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং মুক্তিযোদ্ধা প্রার্থীর ক্ষেত্রে খামের উপর **'মুক্তিযোদ্ধা'** শব্দটিও লিখতে হবে।

০৫। বিভাগীয়/চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের Forwarding Letter সহ নির্ধারিত সময়ে আবেদনপত্র প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৬। নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি অনুযায়ী কোটা অনুসরণ করা হবে।

০৭। নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তানদের ৩০% কোটা সংরক্ষণ করা হবে।

০৮। ভুয়া তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ দরখাস্ত অথবা নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখের পর প্রাপ্ত অথবা নির্ধারিত টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার কিংবা জনতা ব্যাংক ব্যতীত অন্য কোন ব্যাংকের দেয় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

০৯। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কিছুই ফেরত দেয়া হবে না।

১০। এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীর পরীক্ষা গ্রহণ করতে/তাঁকে প্রার্থিত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবেন না।

১১। লিখিত/সাক্ষাৎকার পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

বিশেষ দ্রষ্টব্য

ক) দূরশিক্ষণে অভিজ্ঞ প্রার্থীগণের ক্ষেত্রে বয়স, অভিজ্ঞতা ও শিক্ষাগত যোগ্যতার (শ্রেণি/ বিভাগের ক্ষেত্রে প্রযোজ্য) মধ্যে যে কোন একটি শর্ত শিথিল করা যেতে পারে।

খ) সকল পদের ক্ষেত্রে কম্পিউটার-এর অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

গ) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের শূন্য পদে নিয়োগের জন্য অভ্যন্তরীণ কর্মচারীদের বিভাগীয় প্রার্থী হিসেবে বয়সের সীমা শিথিল রেখে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার যে কোন একটি শর্ত শিথিল করা যেতে পারে। তবে অভিজ্ঞতার শর্ত শিথিলের ক্ষেত্রে মোট নির্ধারিত অভিজ্ঞতার এক-চতুর্থাংশ (১/৪) পর্যন্ত শিথিল করা যেতে পারে। শিক্ষাগত যোগ্যতা শিথিলের ক্ষেত্রে নির্ধারিত ন্যূনতম শিক্ষা-পর্যায় ঠিক রেখে শিক্ষাগত যোগ্যতার অন্যান্য শর্তের কোন একটি শর্ত {যেমন: স্নাতক (সম্মান)-এর স্থলে স্নাতক (পাস) কোর্স অথবা নির্ধারিত শ্রেণি/বিভাগের স্থলে কেবলমাত্র একটি পর্যায়ে পরবর্তী নিম্নতর শ্রেণি/বিভাগ} শিথিল করা যেতে পারে।

ঘ) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যে কোন বিভাগে চাকুরীরত প্রার্থীর অভিজ্ঞতা অন্য যে কোন পরবর্তী উচ্চতর পদে নিয়োগের জন্য সংশ্লিষ্ট পদের প্রয়োজনীয় অভিজ্ঞতা হিসেবে সমভাবে বিবেচিত হবে।

ঙ) ডিগ্রীর ক্ষেত্রে প্রয়োজনীয় ডিগ্রীর থেকে উচ্চতর ডিগ্রী এবং অভিজ্ঞতার ক্ষেত্রে প্রয়োজনীয় অভিজ্ঞতার অতিরিক্ত অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

চ) বাউবি'র বিওজি'র ২৭তম সভার সিদ্ধান্ত মোতাবেক বিজ্ঞপ্তিতে উল্লেখিত সকল শর্ত কোন প্রার্থী পূরণ না করলে তুলনামূলকভাবে উপযুক্ত প্রার্থীর (Candidate Otherwise Suitable) ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা, বয়স এবং অভিজ্ঞতার যেকোন একটি শর্ত শিথিল করা যেতে পারে।

২৮/৩/১৭

রেজিস্ট্রার
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর